



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.২৬৭.২০১৬-২০৩

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

বিষয়: “লাজলবন্দ মহাষ্টমী পূণ্যস্নান উৎসবের অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ।

সূত্র: এলজিইডি’র স্মারক নং-৪৬.০২.০০০০.৮২৩.১৪.০০১.২১-০৮; তারিখ: ১৪/০৩/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “লাজলবন্দ মহাষ্টমী পূণ্যস্নান উৎসবের অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি মোট ১২০.৭৪ কোটি (একশত বিশ কোটি চূয়াত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৩/০১/২০১৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি করে জুন ২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়। অতঃপর জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটির মেয়াদ জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২০ এর পরিবর্তে জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৫২% এবং আর্থিক অগ্রগতি ৫৮.০৫ কোটি টাকা (৪৮%)।

২। এ পর্যায়ে প্রকল্পটি শুধুমাত্র সনাতন ধর্মাবলম্বীদের ২দিনের জন্য সংকুচিত না রেখে ধর্ম বর্ণ নির্বিশেষে সকল মানুষের জন্য সারা বছর ব্যাপী বিনোদন ব্যবহার উপযোগী একটি পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে কিছু অতিরিক্ত পূর্ত কাজ করার প্রয়োজনীয়তা, সরকারি পরিপত্র অনুযায়ী ভূমি অধিগ্রহণের মূল্য ১.৫ গুণের স্থলে ৩ গুন হওয়া, সরকারি বিভিন্ন সংস্থার অনাপত্তি সংগ্রহ করতে বিলম্ব হওয়ার কারণে ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন না হওয়া ইত্যাদি কারণে প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব গত ২২/০৩/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পটির ওপর গত ৩০/০৯/২০২০ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত করা হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- “চূড়ান্ত সমন্বিত মাস্টারপ্ল্যান প্রাপ্তির পর এলজিইডি’র চলমান প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রক্রিয়াকরণ করা যেতে পারে”

৩। চূড়ান্ত সমন্বিত মাস্টারপ্ল্যান প্রণয়নের কাজ চলমান রয়েছে এবং তা সময় সাপেক্ষ বিধায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সমাপ্তের স্বার্থে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ব্যতিরেকে ০১ বছর অর্থাৎ জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২১ এর পরিবর্তে জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন।

৪। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “লাজলবন্দ মহাষ্টমী পূণ্যস্নান উৎসবের অবকাঠামো উন্নয়ন” শীর্ষক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির অর্থাৎ জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২১ এর পরিবর্তে জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পূরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০২ (দুই) প্রস্থ।


(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৮০১২

planning1.lgd@gmail.com

০১। সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন
শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।